

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর



Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০১৮/১৪৭৩(২)

তারিখ : ০৫/১২/২০১৮

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ছাড়পত্র প্রদানের বিজ্ঞপ্তিঃ

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগামী ০১/০১/২০১৯ ইং তারিখ হতে ২৮/০২/২০১৯ ইং তারিখ পর্যন্ত ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তন করা যাবে।


### ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে নিম্নলিখিত শর্ত পালন করতে হবেঃ

- শিক্ষার্থীর মূল কলেজেই রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করতে হবে। কোন ভাবেই ছাড়পত্রের মাধ্যমে নতুন ভাবে ভর্তিকৃত কলেজ হতে এ কাজ সম্পন্ন করা যাবে না।
- ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে প্রতিষ্ঠান নির্ধারিত নূন্যতম যোগ্যতা (জিপিএ) অনুসরণ করতে হবে।
- প্রতিষ্ঠান নির্ধারিত শাখা ভিত্তিক আসন সংখ্যার মধ্যে কেবল মাত্র আসন ফাঁকা থাকা সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করা যাবে।
- বোর্ড কর্তৃক সরবরাহকৃত কলেজ পরিবর্তনের আবেদনপত্রে অধ্যয়নরত কলেজে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর পঠিত বিষয় সমূহের সাথে বদলীকৃত কলেজের পাঠদানের বিষয় সমূহের মিল থাকলে শুধুমাত্র সেক্ষেত্রে অধ্যক্ষ আবেদনপত্রে সুপারিশ ও স্বাক্ষর করবেন। অন্যথায় এর সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।
- ছাড়পত্র গ্রহণের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্র আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে এসএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।
- ছাড়পত্রের আবেদন ফরম অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd) হতে সংগ্রহ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

অধ্যক্ষ,

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সমূহ

  
০৫/১২/১৮  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর  
০৫/১২/১৮